গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৭৯/২০১৮-১৯
ঢাকা, রোববার ২১ অক্টোবর ২০১৮, ৬ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিনিয়োগ সম্মেলনে যোগ দিতে রাষ্ট্রপতি জেনেভা যাচ্ছেন আজ

২। সংসদের শেষ অধিবেশনের পর নির্বাচন প্রক্রিয়া শুরু হবে : প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী ৬৬টি মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন আজ

৪। বর্তমান সংসদের শেষ অধিবেশন শুরু আজ

৫। তরুণ সাংবাদিকদের অনুপ্রেরণার উৎস জগ্‌লুল আহ্‌মেদ চৌধুরী : স্পিকার

৬। সকল মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার দায়িত্ব সরকারের : শিল্পমন্ত্রী

৭। উন্নত দেশ গড়তে চাই শিক্ষার্থীদের মেধা বিনিয়োগ : এলজিআরডি মন্ত্রী

৮। ডিজিটাল নিরাপত্তা আইনে সংবাদপত্র ও সাংবাদিকদের সুরক্ষা দেওয়া হয়েছে : তথ্যমন্ত্রী

৯। আট হাজার রোহিঙ্গা শীঘ্রই মিয়ানমারে ফিরবে : আসেম সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী

১০। সামাজিক যোগাযোগমাধ্যমে অপপ্রচার রুখতে হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

=২=

**১।	বিনিয়োগ সম্মেলনে যোগ দিতে রাষ্ট্রপতি জেনেভা যাচ্ছেন আজ**

বিনিয়োগ ও উন্নয়ন এবং নিরাপত্তাসংক্রান্ত দু'টি সম্মেলনে যোগ দিতে পাঁচ দিনের সফরে সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় যাচ্ছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। আজ (২১ অক্টোবর রোববার) রাত পৌনে ২টায় এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকা ছাড়বেন তিনি। আগামী সোমবার থেকে শুক্রবার জেনেভায় জাতিসংঘ দপ্তরে এ সম্মেলন হবে। রাষ্ট্রপতি বিশ্বনেতাদের সঙ্গে বিনিয়োগ সম্মেলন এবং হোমল্যান্ড অ্যান্ড গ্লোবাল সিকিউরিটিবিষয়ক ২০তম বার্ষিক অধিবেশনে যোগ দেবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক,৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২।	সংসদের শেষ অধিবেশনের পর নির্বাচন প্রক্রিয়া শুরু হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ ক্ষমতায় আছে বলেই দেশে উন্নয়ন দৃশ্যমান। দেশকে আরও সামনের দিকে এগিয়ে নিতে হলে এবং উন্নয়ন চাইলে জনগণ ফের নৌকা মার্কায় ভোট দেবে। বাংলাদেশের উন্নয়নের যে ধারাটা আমরা শুরু করেছি, আমি চাই সে ধারাটা যেন অব্যাহত থাকে। আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আবারও আওয়ামী লীগকে জনগণের সেবা করার সুযোগ দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২০ অক্টোবর শনিবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আয়োজিত বিশ্ববিদ্যালয় শিক্ষক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরও বলেন, সংসদের শেষ অধিবেশন শুরু হচ্ছে। এ অধিবেশন শেষ হওয়ার পরই নির্বাচনপ্রক্রিয়া শুরু হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক,৮), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮),**অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৩।	প্রধানমন্ত্রী ৬৬টি মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২১ অক্টোবর রোববার) ৬৬টি মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন যা দেশের ক্রীড়াঙ্গনে নতুন যুগের সূচনা করবে। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র জানায়, প্রধানমন্ত্রী গণভবন থেকে আজ সকাল **১১** টায় এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের নামে নামকরণকৃত ৬৬টি মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.৩), **সংবাদ** (পৃ.১১,ক.৪)।

**৪।	বর্তমান সংসদের শেষ অধিবেশন শুরু আজ**

দশম জাতীয় সংসদের ২৩তম অধিবেশন শুরু হচ্ছে আজ (২১ অক্টোবর রোববার)। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিকেল সাড়ে ৪টায় সংসদের বৈঠক শুরুর কথা রয়েছে। দশম সংসদের সর্বশেষ এ অধিবেশন সর্বোচ্চ পাঁচ কার্যদিবস হতে পারে বলে সংসদ সচিবালয়ের কর্মকর্তারা জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক,৪), **ইত্তেফাক (পৃ.৩,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৬)।**

**৫।	তরুণ সাংবাদিকদের অনুপ্রেরণার উৎস জগ্‌লুল আহ্‌মেদ চৌধুরী : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রথিতযশা সাংবাদিক জগ্‌লুল আহ্‌মেদ চৌধুরীর লেখায় সবসময়ই দেশের স্বার্থ অগ্রাধিকার পেয়েছে। দক্ষিণ এশিয়াবিষয়ক জটিল ইস্যুতে তিনি সাবলীলভাবেই বিশ্লেষণধর্মী কলাম লিখেছেন। তরুণ প্রজন্মের সাংবাদিকদের জন্য তিনি অনুপ্রেরণার উৎস। গতকাল (২০ অক্টোবর শনিবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে জগ্‌লুল আহ্‌মেদ চৌধুরী স্মৃতি ট্রাস্ট আয়োজিত সাংবাদিক জগ্‌লুল আহ্‌মেদ চৌধুরীর 'নির্বাচিত কলাম' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক,৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

**৬।	সকল মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার দায়িত্ব সরকারের : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বাংলাদেশের সকল মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার দায়িত্ব বর্তমান সরকারের। ইতোমধ্যেই সরকার উপজেলা পর্যায়ে ১০০ ভাগ বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে। এখন মানুষ লোডশেডিং ভুলতে বসেছে এবং এ উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে হলে সরকারের ধারাবাহিকতা বজায় রেখে বর্তমান সরকারকে আবারও ক্ষমতায় আনতে হবে। তা না হলে দেশ আবার পিছিয়ে যাবে এবং বর্তমান সময়ের উন্নয়নমুখী ধারা মুখ থুবড়ে পড়বে। তিনি গতকাল (২০ অক্টোবর শনিবার) ঝালকাঠির নলছিটি উপজেলার ভৈরবপাশা ইউনিয়নে শতভাগ বিদ্যুতায়নের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১.ক,৮)।

**৭।	উন্নত দেশ গড়তে চাই শিক্ষার্থীদের মেধা বিনিয়োগ : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, গত ১০ বছরে শিক্ষাখাতে অনেক উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হিসেবে স্বীকৃতি পেয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে উন্নত দেশে পরিণত করতে আজকের শিক্ষার্থীদের মেধা, মনন ও সৃজনশীলতা বিনিয়োগ করতে হবে। আর সে লক্ষ্যে নিজেকে একজন যোগ্য নাগরিক হিসেবে গড়তে হবে। গতকাল (২০ অক্টোবর শনিবার) ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজের শতবর্ষ পূর্তি উৎসবে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৬,ক,১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৮।	ডিজিটাল নিরাপত্তা আইনে সংবাদপত্র ও সাংবাদিকদের সুরক্ষা দেওয়া হয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইনে সংবাদপত্র ও সাংবাদিকদের সুরক্ষা দেওয়া হয়েছে। আইনটি দেশের জনগণ ও রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য করা হয়েছে। এর বিরোধিতা করে গুটিকয়েক সাংবাদিক মানববন্ধন করছেন। তারা আইনের কোনো ধারাকে সুনির্দিষ্টভাবে উপস্থাপন না করেই মানববন্ধন করেছেন। গতকাল (২০ অক্টোবর শনিবার) চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলা জাসদ আয়োজিত সমাবেশে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক,৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৯।	আট হাজার রোহিঙ্গা শীঘ্রই মিয়ানমারে ফিরবে : আসেম সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, প্রথম দফায় শীঘ্রই ৮ হাজার রোহিঙ্গা মিয়ানমারের রাখাইন রাজ্যে নিজ গ্রামে ফিরতে পারবে। দেশটি ঐ জনগোষ্ঠীকে উচ্ছেদ করেছে জানিয়ে তিনি দু'দেশের মধ্যকার এ জটিল ইস্যুতে পাশে থাকার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি কৃতজ্ঞতা জানান। গত ১৯ অক্টোবর শুক্রবার বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ১২তম এশিয়া-ইউরোপ সম্মেলনে (আসেম) তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক,১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮)।

**১০।	সামাজিক যোগাযোগমাধ্যমে অপপ্রচার রুখতে হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচনে সামাজিক যোগাযোগমাধ্যম তরুণ ভোটারদের প্রভাবিত করতে বিশেষ ভূমিকা রাখবে। এ কারণে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে এ সময় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে সরব হতে হবে। অপপ্রচার রুখতে হবে। গতকাল (২০ অক্টোবর শনিবার) জাতীয় জাদুঘর মিলনায়তনে একাত্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটি আয়োজিত 'নির্বাচনকালীন সময়ে সামাজিক যোগাযোগমাধ্যমের ভূমিকা' শীর্ষক আলোচনাসভায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক,১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন : ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন' প্রকল্প একনেকের সভায় অনুমোদিত হওয়ায় পূর্বে বরাদ্দকৃত কেরানীগঞ্জের তেঘরিয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন করা হবে উল্লেখ করে এভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের বিকেন্দ্রীকরণ হলে রাজধানীর ওপর চাপ কমবে বলে মতপ্রকাশ।

খ. **যুগান্তর :** সরকারি কর্মকর্তাদের অনেকেই প্রশিক্ষণের নামে অযথা বিদেশ ভ্রমণ করায় সরকারি অর্থের অপচয় হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের সুপারিশ।

গ. **সংবাদ :** মানসিক রোগ নিয়ে কুসংস্কার দূর করতে মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর আহ্বান।

ঘ. **ইনকিলাব :** নেশাদ্রব্য হিসেবে চিহ্নিত এনার্জি ড্রিংকে বাজার সয়লাব হয়ে গেছে উল্লেখ করে এসব ড্রিংক উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার দাবি।

ঙ. **ভোরের কাগজ :** মিয়ানমার থেকে অনুপ্রবেশকারী রোহিঙ্গার হাতে বাংলাদেশি সিম ব্যবহৃত হওয়ায় সন্ত্রাসী রোহিঙ্গারা নানা অপরাধে জড়িয়ে পড়ছে উল্লেখ করে অবৈধ সিম নিবন্ধনের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

চ. **বণিক বার্তা :** গত এক দশকে রাজধানীর জনসংখ্যা ১৫০ শতাংশ বৃদ্ধির বিপরীতে গণপরিবহণ বেড়েছে মাত্র ২৬ শতাংশ এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** বাল্যবিয়ের মধ্যে অধিকাংশই রেজিস্ট্রি হয়না উল্লেখ করে বাল্যবিয়ে রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'তৈরি পোশাকশিল্প : শ্রমিক ও বাংলাদেশের অর্থনীতি '** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পোশাকের মান নিয়ন্ত্রণ, ভৌত অবকাঠামো শক্তিশালী করা, শ্রমিকের বেতন বৃদ্ধি করে ও শৃঙ্খলায় কঠোরতা আনয়ন করে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করতে পারলে আমাদের দেশের তৈরি পোশাকশিল্প বিশ্ববাজারে মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকতে পারবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা